সমকাল

তারিখ 09 APR 2016
পৃ ... ৩ ... কলাম ... ২

সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ

# সদ্য নির্মিত বাউন্ডারি দেয়াল ভেঙে পড়েছে

■ কিশোরগঞ্জ অফিস

কিশোরগঞ্জবাসীর স্বপ্ন সৈয়দ নজরুল ইসলাম সরকারি মেডিকেল কলেজের দক্ষিণ-পশ্চিমাংশের সদ্য নির্মিত বাউন্ডারি দেয়াল ভেঙে মাটিতে পড়েছে। এ নিয়ে এলাকাবাসীর মধ্যে তীব্র ক্ষোভ দেখা দিয়েছে। এলাকাবাসীর অভিযোগ, নিম্নমানের কাজের কারণে দেয়াল ভেঙে পড়েছে। এ নিয়ে এলাকায় চরম উত্তেজনা দেখা দেওয়ায় জেলা প্রশাসক গতকাল শুক্রবার ঘটনাস্থলে গিয়ে এলাকাবাসীকে শান্ত থাকার আহ্বান জানান।

স্থানীয় গণপূর্ত বিভাগ সূত্রে জানা গেছে, প্রায় সাড়ে পাঁচশ' কোটির টাকায় নির্মিত শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজের কাজ ২০১৩-১৪ অর্থবছরে শুরু হয়। বর্তমানে কাজের প্রায় ৬০ ভাগ সম্পন্ন হয়েছে; কিন্তু গত বুধবার সকালে সবাই দেখতে পান বাউন্ডারি দেয়ালের ৫০০ ফুট ভেঙে পড়েছে।

এলাকাবাসী জানায়, কলেজটি নির্মাণে বিভিন্ন ঠিকাদারি প্রতিষ্ঠান নিম্নমানের কাজ করেছে। গণপূর্ত বিভাগ যথাযথভাবে তাদের দায়িত্ব পালন করেনি। এর আগে একাডেমিক ভবন নির্মাণে পাইলিং করার সময় দরপত্র অনুযায়ী গভীরতায় গিয়ে পাইলিং করেনি বলে অভিযোগ ওঠে। পরে তদন্তে তা ধরা পড়লে নতুন করে দরপত্রের চাহিদা অনুযায়ী পাইলিং করে নির্মাণকাজ অব্যাহত রাখা হয়। তা ছাড়া চারটি মূল ভবন নির্মাণে নিচতলায় অতি নিম্নমানের বালু ব্যবহার করা হয়েছে বলে, যশোদল ইউপি চেয়ারম্যান মো. শামসুল হুদাসহ এলাকাবাসী অভিযোগ করেন।

জেলা প্রশাসক মো. আজমুদ্দিন বিশ্বাস সমকালকে বলেন, গণপূর্ত বিভাগকে বলা হয়েছে, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগকে সঙ্গে নিয়ে তদন্ত করে নতুন দেয়াল নির্মাণসহ পুরো সীমানা প্রাচীর রক্ষা করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে।

গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী বলেন, নরসুন্দা নদী খননকাজের কারণে নিচের মাটি সরে যাওয়ায় এবং বৃষ্টিতে ভেতরের মাটি সরে পড়ায় দেয়াল ভেঙে পড়েছে।